


ঢাকা 🋗 মঙ্গলবার, ১৬ মে ২০২৩



গতকাল জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পক্ষ থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ক্লাবকে একটি টেলিস্কোপ প্রদান করা হয়



বললেন বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক

আলোকিত ডেস্ক

বিজ্ঞান ক্লাবগুলো পরিবেশ দূষণের বিরুদ্ধে এগিয়ে এসে তরুণ প্রজন্মের মধ্যে ব্যাপকভাবে পরিবেশ সচেতনতা সৃষ্টিতে অনন্য ভূমিকা রাখতে পারে। এছাড়া সবুজায়ন, বৃক্ষরোপণ, নিরাপদ খাদ্য, স্বাস্থ্য সুরক্ষা ইত্যাদি বিষয়ে বিজ্ঞান ক্লাবগুলো তৃণমূল পর্যায়ে শিক্ষার্থীদের সচেতন এবং সরকারি সংস্থাগুলোকে সহযোগিতা করতে পারে। গ্রামগঞ্জে থ্রি হুইলারের ব্যাটারি থেকে যে সিসা দূষণ ছড়িয়ে যাচ্ছে, তা আশঙ্কাজনক। এক্ষেত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ক্লাব তরুণ প্রজন্মকে নিয়ে জনগণকে সিসা দূষণের ভয়াবহতা সম্পর্কে সচেতন করে তুলতে পারে এবং বিজ্ঞানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সরকারি সংস্থাগুলোকে সহায়তা করতে পারে। গুধু আইন প্রয়োগে যা সম্ভব নয়, তা মোটিভেশনাল কর্মসূচি এবং উদ্ভাবনী চেতনা দিয়ে অর্জন করা সম্ভব। গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ক্লাবের নবনির্বাচিত কার্যকরী কমিটির উদ্দেশ্যে মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী এ বক্তব্য প্রদান করেন। তাছাড়া জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পক্ষ থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ক্লাবকে একটি টেলিস্কোপ প্রদান করা হয়।

এ ক্লাৰটির সাংগঠনিক কার্যক্রম জোরদার এবং এর অবকাঠামোগত সুযোগ-সুবিধা প্রদানে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান করতে হবে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।



NMST Gifts a Telescope to RU Science Club



Rajshahi University (RU) Science Club received a telescope as a gift from the National Museum of Science and Technology-NMST. The Director General of The NMST Mohammad Munir Chowdhury presented this telescope to the newly elected Executive Committee of Rajshahi University Science Club on Monday.

Meanwhile, the Director General stressed the importance of providing cooperation to the Rajshahi University authorities in strengthening the club's organizational activities and providing its infrastructural facilities.

Addressing the newly elected executive committee, Director General Mohammad Munir Chowdhury said that science clubs can play a unique role in creating environmental awareness among the young generation by coming forward against environmental pollution. Besides, science clubs can make students aware at the grass root level and cooperate with government agencies on greening, plantation, safe food, health protection etc. The lead pollution spreading from three wheeler batteries in villages is alarming. In this regard, the Rajshahi University Science Club can engage the young generation to make people aware of the dangers of lead pollution and assist government agencies in science-based waste management. What is not possible with law enforcement agencies alone, but can be achieved with motivational programs and innovative spirit.

Rajshahi University Science Club President Abdul Latif, General Secretary Masud Rana and Treasurer Sheikh Saikat committee members were present on the occasion.